উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

সেপ্টেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ। |
| সভার তারিখ | : ১৫/৯/২০২২ খ্রি: |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধন্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধন্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২২ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২২ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের আগস্ট/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের আগস্ট/২০২২ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের আগস্ট/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর আগস্ট/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর আগস্ট/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর | ১৭০৫০/- |

| | | |
|---|---|---|
| | আগস্ট/২০২২ মাসের মাসের মজুরী বিল | |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর আগস্ট/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| ১৩ | উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য আগস্ট/২০২২ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নতুন রাস্তার আইডিভূক্ত করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ বকেয়া অর্থের আংশিক ৬,০০,০০/- (ছয় লক্ষ) টাকা অফিস সরঞ্জাম ক্রয় ও আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে পরিশোধের বিষয়ে আলোচনা করেন। উপজেলা পরিষদের গ্যারেজ মেরামত বাবদ ৩,০৪,৯২৯.০০ টাকার ব্যয় করা হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার আলোকে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে, গ্যারেজের মেরামত সংক্রান্ত কাজটি যাচাই বাছাইয়ান্তে বিল পরিশোধ করার জন্য সভায় আলোচনা করেন। | ১। উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ বকেয়া অর্থের আংশিক ৬,০০,০০/- (ছয় লক্ষ) টাকা পরিশোধ করতে হবে।<br>২.গ্যারেজের মেরামত সংক্রান্ত বকেয়া বিলটি যাচাই বাছাইয়ান্তে বিল পরিশোধ করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, সভাকে অবহিত করেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রবেশের রাস্তাটি ভেঙ্গে পড়েছে। জরুরী ভিত্তিতে মেরামত করা জরুরী। আগামী ২৮/৯/২০২২ হতে ০৩/১০/২০২২ পর্যন্ত কোভিড-১৯ ভ্যাকসিন ক্যাম্পেইন চলমান থাকবে। উক্ত তারিখের মধ্যে কেউ ১ম ডোজ ভ্যাকসিন গ্রহণের শেষ সময়। উক্ত সময়সীমার পর কোভিড-১৯ ভ্যাকসিনের ১ম ডোজ বন্ধ থাকবে। যে সকল জনগন কোভিড-১৯ ভ্যাকসিনের ১ম ডোজ গ্রহণ করতে পারেনি তাদেরকে এই ক্যাম্পেইন চলাকালীন সময়ে করোনার ১ম ডোজ গ্রহণের বিষয়টি জানানোর জন্য সকল ইউপি চেয়ারম্যানম্যানগণকে অনুরোধ করেন। আগামী ১১/১০/২০২২ থেকে ৫-১১ বছরের বাচ্ছাদের অনলাইন রেজিঃপূর্বক করোনা ভ্যাকসিন গ্রহণ করতে হবে। | ১.উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রবেশের রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে।<br>২। অত্র উপজেলার মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিম করার জন্য কোভিড-১৯ ভ্যাকসিনের ১ম ডোজ গ্রহণে সবাইকে অবহিত করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ।<br>২. চেয়ারম্যান (সকল), শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, শ্রীরামপুর ঈশাখপুর বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ সম্পন্ন করা হয়েছে। উপজেলা পরিষদের টি আর কাবিখা এর তালিকা জমাদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মিত মুজিব বর্ষের ঘরের ব্যয়িত অর্থ পরিশোধের | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পসমূহের তালিকা দাখিল করতে হবে। ও মুজিব বর্ষের ঘরের ব্যয়িত অর্থ | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| মিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বিষয়ে আলোচনা করা হয়। | পরিশোধ করতে হবে। | |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান যে, বিগত বন্যায় অত্র উপজেলায় নলকূপ ও স্যানিটেশন ব্যবস্থাপনার ব্যপক ক্ষতিসাধিত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত নলকূপ ও স্যানিটেশন মেরামত ও নির্মাণের জন্য একটি ডিপিপি গ্রহণ করেছে। বন্যায় ক্ষতিগ্রস্ত ৩২টি পরিবারকে unicef কর্তৃক অফসেট টু ইন ফিট ল্যাট্রিন, ও ০৫ টি গভীর নলকুপ ও ০২ টি প্লাটফর্ম পাওয়া গেছে।উক্ত বরাদ্দ স্থানীয় ইউপি চেয়ারম্যানগণের মাধ্যমে উপকারভোগী নির্বাচনপূর্বক বরাদ্দ প্রদান করতে হবে। মাধ্যমে | সঠিকভাবে উপকারভোগী নির্বাচনের মাধ্যমে অফসেট টু ইন ফিট ল্যাট্রিন, ও ০৫ টি গভীর নলকুপ ও ০২ টি প্লাটফর্ম বিতরণ করতে হবে । | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় সভায় জানান যে, অত্র উপজেলায় "আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলে কৃষি উন্নয়ন প্রকল্প" চলমান রয়েছে। প্রকল্পটি বাস্তবায়ন হলে অত্র অঞ্চলে কৃষির উৎপাদন বৃদ্ধি পাবে। সম্প্রতি বৃষ্টির কারণে ৪০-৫০ হেক্টর অনাবাদি জমি চাষের আওতায় এসেছে। ইতিমধ্যে ৮০০ জনকে বিনামূল্য বীজ ও সার বিতরণ করা হয়েছে। অত্র উপজেলায় অনাবাদি জমিতে সরিষা উৎপাদন বাড়াতে কৃষকদের পরামর্শ দেওয়া হচ্ছে। | ১."আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলে কৃষি উন্নয়ন প্রকল্প"টি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। অত্র অঞ্চলের কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, মৎস্য সপ্তাহ উপলক্ষে অত্র উপজেলার বিভিন্ন হাওরে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। হাওরে জেলেরা কোনা জাল, বেড়জাল দ্বারা পোনা মাছ ধ্বংস করতে পারে। এ বিষয়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা প্রয়োজন। পোনা মাছ রক্ষায় মোবাইল কোর্ট পরিচালনার জন্য সভায় অনুরোধ জানান। | ১। হাওরে জেলেরা কোনা জাল, বেড়জাল দ্বারা পোনা মাছ যেন ধ্বংস না করতে পারে সে জন্য প্রয়োজনীয় অভিযান ও তদারকি বৃদ্ধি করতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার পরিবার পরিকল্পনা সভায় জানান যে, জাইকার অর্থায়নে ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় অত্রাফিসের মাধ্যমে বিভিন্ন বিদ্যালয়ে কিশোর-কিশোরীদেরকে নিয়ে ক্যাম্পেইন পরিচালনা করা হয়েছে। ডেলিভারী সেন্টারগুলোতে জনবল সংকট রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | ১) কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রাথমিক শিক্ষার মান বৃদ্ধির জন্য উপজেলার বিভিন্ন অফিস প্রধানগণের মাধ্যমে তদারকি কমিটি গঠন করেছেন। উক্ত তদারকি কমিটি নিয়মিত প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শন করছেন। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে শিক্ষা অফিস কর্তৃক প্রাথমিক শিক্ষকগণকে সঠিক নির্দেশনাসহ মনিটরিং করা হচ্ছে। স্কুলের শিক্ষার্থীদের উপস্থিতি, শিক্ষকের সঠিক সময়ে উপস্থিতির বিষয়টি | ১. প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | নিশ্চিত করার জন্য মনিটরিং করা হচ্ছে। | | |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, এসএসসি পরীক্ষা চলমান রয়েছে। সুষ্টুভাবে পরীক্ষা সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা দরকার। ৪৯ তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্টানে উপজেলা পর্যায়ে ৯/৯/২২ হতে ১০/৯/২২ পর্যন্ত গ্রীস্মকালীন ক্রীড়া প্রতিযোগীতা সম্পন্ন করা হয়েছে। উক্ত খেলাধুল পরিচালনা ব্যয় বাবদ ৪০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুরোধ করেন। | ১. খেলাধুল পরিচালনা ব্যয় বাবদ ৪০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, চলতি অর্থ বছরে ১,৩০,০০০/- টাকা রাজস্ব আয় হিসেবে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। ১৮-৩৫ বছরের সমবায়ীদেরকে ০৩ টি ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হবে। | ১. বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার জাইকার অর্থায়নে শীতলপাটির প্রশিক্ষণটি স্থানীয় পর্যায়ে খুবই ফলপ্রসু হয়েছে। প্রকল্পের আওতাধীন প্রশিক্ষণের সময়সীমা আরও ১০ দিন বৃদ্ধি করার জন্য অনুরোধ জানানো হয়। জাতীয় সমাজ কল্যাণ সমিতি হতে প্রাপ্ত বরাদ্দের মাধ্যমে অত্র উপজেলায় ভিক্ষুক পুর্নবাসন করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ভিক্ষুক পুর্নবাসন কার্জটি সঠিকভাবে সম্পন্ন করতে হবে। শীতল পাটির প্রশিক্ষণের মেয়াদ ১০ দিন বৃদ্ধি করা যেতে পারে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচীর ডাটাবেইজ কার্যক্রম চলমান। এ বিষয়ে ইউনিয়ন উদ্যেক্তাদের প্রশিক্ষণ দেওয়ার হয়েছে। এ কার্যক্রমটি মন্ত্রী পরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী করা হচ্ছে। ০৮ টি ইউনিয়নে মোট ভোক্তার সংখ্যা ৬৪৬২ জন। অনলাইনে ডাটাবেইজ সম্পন্ন হয়েছে ৪৯২৬ জন ভোক্তার। সেপ্টেম্বর মাসে যে সকল ভোক্তার ডাটাবেইজ হয়েছে তাদেরকে চাল বিতরণ করা হচ্ছে। বোরো ধান সংগ্রহ কার্যক্রম সমাপ্ত হয়েছে। তন্মোধ্যে ধান ৫০%, আতপচাল ১০০% ও সিদ্ধচাল ২৫% সংগ্রহ হয়েছে। | সরকারি ভাবে খাদ্যগুদামে ধান সংগ্রহ প্রক্রিয়া সচ্চতার সহিত সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। দুর্গাপূজা সঠিকভাবে সম্পন্ন করার জন্য আনসারদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। | দুর্গাপূজায় সুষ্টুভাবে দায়িত্ব পালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা দিতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | সংরক্ষণ বিভাগ | করা হয় নি। | | সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ উপজেলা পরিষদের সকল সদস্যকে নিয়মিত সভায় উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, অনেক সদস্যই নিয়মিত সভায় উপস্থিত থাকেন না যার কারণে উপজেলার উন্নয়ন কার্যক্রম ক্ষতিগ্রস্ত হয়। কেউ উপস্থিত থাকতে না পারলেও অন্তত তার একজন প্রতিনিধি যেন উপস্থিত থাকেন সেটা নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের মাসিক সভাটি উপজেলা পর্যায়ে সর্বোচ্চ নীতি নির্ধারনী ফোরাম। পরিষদের সকল সদস্য ও ইউপি চেয়ারম্যানগণকে সঠিক সময়ে নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানা। এ বিষয়ে সবাইকে গুরুত্বসহকারে বিষয়টি বিবেচনা করার অবহিত করা হয়। উপজেলা পরিষদের বিভিন্ন বরাদ্দ ও প্রকল্প বন্টনের সময় উপস্থিতির বিষয়টি বিবেচনায় নেওয়ার জন্য সভায় সকলের মতামত দেওয়ার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত সদস্যগণ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন।<br><br>(খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ ইউপি চেয়ারম্যানগণকে জন্ম নিবন্ধনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। সরকারি নির্দেশনা আগামী ০৬/১০/২০২২ তারিখ জাতীয় জন্ম নিবন্ধন দিবস উদযাপন করা হবে। দিবসটি উপলক্ষে সপ্তাহব্যাপী ইউনিয়ন পর্যায়ে ক্যাম্প পরিচালনা করতে হবে। অধিকাংশ জন্ম নিবন্ধনের কাগজাদি ও আবেদন পর্যালোচনায় দেখা যায় যে, আবেদনের মধ্যে নাম ঠিকানা ভূল থাকে এ বিষয়ে আরও অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালনের জন্য ইউপি সচিবসহ সবাইকে নিদেশনা প্রদান করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br><br>(গ) ইউপি চেয়ারম্যান, শিমুলবাক জানান যে, মুক্তাখাই-ভীমখালী যাতায়তের রাস্তাটি বিগত বন্যার কারণে ভেঙ্গে গেছে। এ রাস্তা দিয়ে প্রতিদিন কয়েক গ্রামের মানুষ আসা যাওয়া করে। রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।<br><br>২.অধিকরত গুরুত্বের সাথে জন্ম নিবন্ধনের কাজটি করতে হবে।<br><br>৩.মুক্তাখাই-ভীমখালী যাতায়তের রাস্তাটি সরেজমিন পরিদর্শনপূর্বক প্রাক্কালন প্রস্তুতক্রমে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১. উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।<br><br>২. ইউপি চেয়ারম্যান (সকল) শান্তিগঞ্জ।<br><br>৩. উপজেলা প্রকৌশলী |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ৮৮ (৫০)

তারিখ: ১৫/৯/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা.........................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ১৭/৯/২০২২ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | নুর হোসেন | 01722441854 | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | | | |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | | | |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | মোঃ হাবিবুল ইসলাম | 01724-417816 | [signature] |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | ডা. [illegible] | 01712 1455 16 | [signature] |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | মোঃ মাহবুব রহমান | 0171736 4730 | [signature] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | [illegible] SAE | 01712358793 | [signature] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | [illegible] | 01715-171668 | [signature] |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মোঃ সেলিম খান | 01718-064880 | [signature] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মোঃ নূরে আলম সিদ্দিকী | 01717-04 2369 | [signature] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] | 01715548576 | [signature] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ মামুন [illegible] | 01716885163 | [signature] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | মাকসুদ [illegible] চৌ: | 01737757254 | [signature] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মোঃ শাহাদাৎ হোসেন [illegible] | 01675354042 | [signature] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | | | |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | | | |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [illegible] | 01715720493 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা ~~উপ~~ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | মো: আব্দুর রব সরকার | 01716-479677 | [illegible] |
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | মোহা: মিজানুর চৌধুরী - | 01733250971 | [illegible] |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | মো: মুজাহিদুল ইসলাম জুনিয়র অফিসার | ০১৭২০৬৬৯৭৮২৫ | [illegible] |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | | | |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | মো. জহিরুল ইসলাম | 01799704856 | [illegible] |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | হাবিবুর রহমান | 01708796844 | [illegible] |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | | | |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | নজরুল ইসলাম | 01729587797 | [illegible] |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | | | |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | | | |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | মো: আনোয়ার হোসেন | 01715-142763 | [illegible] |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |

৩৪. হোসাইন আহমদ, প্রিন্সি. ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার প্রকৌশল — ০১৭১১০০৫২০২৫ [illegible]

৩৫. মো: নাদির হোসেন (Agm), PBS 01769407240 [illegible]